গাংনীতে সুজনের উপজেলা কমিটি গঠন

সুশাসনের জন্য নাগরিক (সুজনের) গাংনী উপজেলা সম্মেলন ও কমিটি গঠন করা হয়েছে। আজ শনিবার(২৩ নভেম্বর) দুপুরে দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া অফিসে আয়োজিত সম্মেলনে করমদি ডিগ্রী কলজের শিক্ষক ও সুজনের উপজেলা শাখার কমিটির সাধারণ সম্পাদক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টুর সভাপতিত্বে এবং দি হাঙ্গার প্রজেক্টের এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীনের এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুজনের জেলা সম্পাদক সৈয়দ জাকির হোসেন ।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন জাতীয় কন্যা শিশু এডভোকেসী ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি ও সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সুজনের জেলা শাখার যুগ্ন সম্পাদক সাংবাদিক রফিকুল আলম বকুল, নাগরিক কমিটির আহবায়ক বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবু্ব আলম, গাংনী মহিলা ডিগ্রী কলেজের প্রভাষক মহিবুর রহমান মিন্টু, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলীমুজ্জামান ও কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের সিনিয়র শিক্ষক আক্তারুজ্জামান লাভলু।

এ ছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন ইউনিয়নের সভাপতি ও সম্পাদকরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আগামী দুই বছরের জন্য বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হককে সভাপতি ও করমদি ডিগ্রী কলেজের শিক্ষক আবু সাদাদ মোহাস্মদ সায়েম পল্টুকে সাধারণ সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ট গাংনী উপজেলা কমিটি গঠন করা হয়।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন সহ-সভাপতি মহিবুর রহমান মিন্টু, দিলরুবা খাতুন, যুগ্ম সম্পাদক বাশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলীমুজ্জামান, করমদি ডিগ্রী কলেজের প্রভাষক মোস্তাফিজুর রহমান মনি, সাংগঠনিক সম্পাদক আক্তারুজ্জামান লাভলু, কোষাধ্যক্ষ শহিদুল ইসলাম শাওন ও প্রচার সম্পাদক আঃ হাদি।

[redacted]

[redacted]

এসময় সাংগঠনিক সম্পাদক আরিফুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক রাসেল আহমেদ, দপ্তর সম্পাদক সাদাত আসসামি, সদস্য কোহেলী খাতুন, বাছেরা খাতুন, অনিকা, সিয়াম, নাজমুল, উদয়, রলিপ, তুষারসহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে টিএফসিএল’র আয়োজনে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে ট্রিটমেন্ট ফর চেঞ্জজিং লাইফ (টিএফসিএল) এর আয়োজনে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) উপজেলার শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই ক্যাম্পের আয়োজন করা হয়। মেডিক্যাল ক্যাম্পে দাঁত ও সাধারণ চিকিৎসাসেবা দিচ্ছেন ঢাকা থেকে আগত বিভিন্ন মেডিকেলের বিশেষজ্ঞ চিকিৎসকরা চিকিৎসা প্রদান করেন।

এসময় সেবা নিতে আসা রোগীদের মাঝে বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। টিএফসিএল একটি অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান। গরীব-অসহায়দের স্বাস্থ্য সেবা নিশ্চত করতে ২০১০ সালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ২০০১ ব্যাচের কয়েকজন বন্ধু মিলে সংগঠনটি প্রতিষ্ঠা করে। এর আগে মেহেরপুরের বুড়িপোতা ও সোনাপুর গ্রামে দুটি মেডিকেল ক্যাম্প পরিচালনা করে সংগঠনটি।

সংগঠনের সদস্যরা বলেন, আমরা কয়েকজন বন্ধু মিলে এই উদ্যোগ গ্রহণ করি। ছোট পরিষরে হলেও আমরা এগিয়ে যাচ্ছি। এলাকার বিত্তবানরা যদি এগিয়ে আসে তাহলে আগামীতে এই সেবার পরিধি আরও বাড়িয়ে আমরা অসহায় মানুষের পাশে থাকতে চাই। মুজিবনগর থানা পুলিশ ও শিবপুর যুব সংঘর সদস্যরা সার্বিক সহযোগিতা করে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ঝিনাইদহে দুই টাকার খাবারে তৃপ্তির হাঁসি

ঝিনাইদহে দুই টাকায় দুপুরের খাবারে হতদরিদ্রদের মুখে তৃপ্তির হাঁসি। এখন আর দুই টাকা দিয়ে লজেন্স ছাড়া তেমন কিছুই পাওয়া যায় না। ভিখারিকে দিলেও অনেক সময় নিতে চাই না। আর সেই সামান্য দুই টাকার বিনিময়ে জেলা শহরে হতদরিদ্রদের মুখেই দুপুরের খাবার তুলে দিচ্ছেন ঝিনাইদহের প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা।

প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে নিয়মিত কর্মসূচির অংশ হিসাবে “দুই টাকায় হাসি” এ দুপুরের খাবারের আয়োজন করা হয়েছিল। “তৃপ্তির হাসি ফুটুক ভিক্ষুকদের মুখে মুখে” এই শ্লোগানে গতকাল শনিবার দুপুরে জেলা শহরের শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতিসৌধ পার্কে এ খাবার বিতরণ করা হয়। প্রতি মাসের নিয়মিত আয়োজনের ১০ম পর্বে আজ রোববার ঝিনাইদহ শহরের শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতিসৌধ পার্ক প্রাঙ্গণে ২০০ জন ভিক্ষুকদের মাত্র ২ টাকায় দুপুরের খাবার সাদা ভাত, সবজি, ডাউল ও মুরগির মাংস খাওয়ানো হয়। দুই টাকায় পেট ভরে দুপুরের খাবার যা স্বপ্নের মতো।

শহরের ভিক্ষুক আজিজ মিয়া মাত্র দুই টাকায় দুপুরের খাবার পেয়ে বললেন, এটা আমার কাছে স্বপ্নের মত মনে হচ্ছে। দুই টাকায় খাবার পাবো এটা কখনও ভাবিনী। এই সংগঠনের প্রতি কৃতজ্ঞতা স্বীকার করে বলেন, আরও সংগঠন যদি এভাবে এগিয়ে আসে তাহলে গরীব অসহায় মানুষগুলো দুমুঠো ভাত খেয়ে বাঁচবে।

খাবার বিতরণের সময় উপস্থিত ছিলেন, প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের সভাপতি সাজিদ মাহমুদ, সাধারণ সম্পাদক এইচ এম জহুরুল ইসলাম, দুই টাকায় হাঁসি পরিচালনা কমিটির সমন্বয়ক মোঃ মেহেদী হাসান, মোঃ মনিরুল ইসলাম, মোঃ ওসমান গনি, ঝিনাইদহ কেন্দ্রীয় জামে মসজিদের খতিব ও ইমাম পরিষদের জেলা সভাপতি মুহাম্মাদ সাইদুর রহমান, ইঞ্জিনিয়ার আব্দুর রহমান চৌধুরী, স্টেডফাস্ট কুরিয়ার ঝিনাইদহ জেলা ম্যানেজার মোঃ আবু জাফর কামাল সহ সংগঠনের বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীল সদস্যরা।

ইঞ্জিনিয়ার আব্দুর রহমান চৌধুরী বলেন, জেলা শহরের ভিক্ষুকদের এই মুখের হাঁসি যেন সদ্য ফোঁটা গোলাপের ন্যায় ফুটে উঠেছে।

সংগঠনের সাধারণ সম্পাদক এইচ এম জহুরুল ইসলাম জানান, ভিক্ষুক, এতিম শিশু, শ্রমজীবী ও অসহায়রাও তাদের মতো করে আত্মসম্মান নিয়ে সমাজে বসবাস করতে চাই। সম্পূর্ণ ফ্রিতে খাবার দেয়া হলে তাদের আত্মসম্মানবোধে আঘাত করা হবে। তাই আমরা সিদ্ধান্ত নিই ফ্রিতে না দিয়ে দুই টাকায় তাদের কাছে খাবার পৌঁছে দিতে।

প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের সভাপতি সাজিদ মাহমুদ বলেন, প্রতিনিয়ত আমাদের কত টাকা তো এদিক-সেদিক খরচ হয়। আমাদের চারপাশে থাকা অসহায়, এতিম, শ্রমজীবি ছিন্নমূল পথশিশুদের জন্য কি আমরা এই সামান্য অর্থ ব্যয় করতে পারি না। আমরা মনে করি সমাজের পিচিয়ে পড়া এসব মানুষের সহযোগিতা করার জন্য অঢেল ধনসম্পদের চেয়ে সুন্দর মানসিকতাই বড়। এমন চিন্তা থেকে একদিন বন্ধু-বান্ধবের সাথে টোং দোকানের আড্ডা বাদ দিয়ে সেই টাকা ভিক্ষুক, অসহায় ইয়াতিম শিশুদের ও সুবিধাবঞ্চিতদের মুখে হাসি ফুটানোর প্রতিজ্ঞা করি। তারপর থেকেই আমাদের সংগঠনের পথচলা শুরু হয়।

চুয়াডাঙ্গায় হাত ধোয়া প্রদর্শনী ও হ্যান্ডওয়াশ বিতরণ

“স্বাস্থ্য সুরক্ষার পরিষ্কার হাত সর্বদা গুরুত্বপূর্ণ ” প্রতিপাদ্য বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে মিম সমাজকল্যাণ সংস্থার পক্ষ থেকে হাত ধোয়া প্রদর্শনী ও হ্যান্ড ওয়াশ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার হোগলডাঙ্গা হাফেজিয়া কাওমি মাদ্রাসা ও লিল্লাহি বোডিং এর ছাত্রদের নিয়ে বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে হাত ধোয়ার সঠিক নিয়ম প্রদর্শনী ও হ্যান্ড ওয়াশ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

উল্লেখ মিম সমাজকল্যাণ সংস্থা একটি সেচ্ছাসেবীমূলক সেবাধর্মী সংগঠন। বিভিন্ন সময়ে সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে থেকে কাজ করে আসছে। মিম সমাজকল্যাণ সংস্থার প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক সাবরিনা ইয়াসমিন মিমের নেতৃত্ব চুয়াডাঙ্গায় ইতিমধ্যে বৃক্ষরোপণ

কর্মসূচি, গরীব ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সেবাদান, রক্তদান কর্মসূচি সহ বিভিন্ন সমাজকল্যাণ মূলক কাজ করে যাচ্ছে সংগঠনটি।

বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে হাত ধোয়া প্রদর্শনী ও হ্যান্ডওয়াশ বিতরণ কার্যক্রম উপস্থিত ছিলেন সংগঠনের সহ-সভাপতি সাকিব বিশ্বাস, সংগঠনের সেচ্ছাসেবক ফিরোজ হোসেন, অন্তর রহমান, সাদ হাকিম, মামুন আর রশিদ, মইন আশরাফ সহ সেচ্ছাসেবকবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় বাঁধন সংগঠনের ২৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

“রক্তদানে সাতাশে বাঁধন, স্বপ্ন জয় করবে সাধন” প্রতিপাদ্যে বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট, পদ্মা জোন এ রক্তদাতাদের সংগঠন ‘বাঁধন’ এর ২৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল দশটাই বাঁধন সংগঠনের ২৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট পদ্মা জোন এর পক্ষ থেকে চুয়াডাঙ্গা সরকারি কলেজ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বাহির হয়।

র্যালিটি চুয়াডাঙ্গা সরকারি কলেজ থেকে কোর্ট মোড় ঘুরে আবার চুয়াডাঙ্গা সরকারি কলেজে এসে শেষ হয়।

র্যালি পরবর্তী আলোচনা সভা, কেক কাটা ও বৃক্ষরোপণ কর্মসূচিতে বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট, পদ্মা জোন এর সভাপতি আমিনুল ইসলামের সভাপতিত্বে পুরো আয়োজন জুড়ে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ,কে,এম সাইফুর রশীদ।

এ সময় প্রধান অতিথির বক্তব্য তিনি বলেন, বাঁধন সংগঠন একটি সেচ্ছাসেবী, অরাজনৈতিক, অসাম্প্রদায়িক ও জনকল্যাণমূলক রক্তদাতাদের একটি সংগঠন। বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট, পদ্মা জোন যেদিন থেকে কার্যক্রম শুরু করছে সেদিন থেকেই

চুয়াডাঙ্গার মানুষের আর রক্ত নিয়ে চিন্তা করতে হয় না। চুয়াডাঙ্গার মানুষের আস্থার সংগঠন হয়ে উঠেছে বাঁধন সংগঠন। বিনা স্বার্থে মানুষের উপকারে কাজ করে যাচ্ছে চুয়াডাঙ্গা সরকারি কলেজের একঝাঁক সেচ্ছাসেবক। এ সময় বাঁধন সংগঠনের প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষে সকল রক্তদাতা সেচ্ছাসেবকদের ও নতুন কর্মীদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

উল্লেখ্য, “একের রক্ত অন্যের জীবন, রক্তই হোক আত্মার বাঁধন” স্লোগান নিয়ে বাঁধন সংগঠন ১৯৯৭ সালের ২৪ অক্টোবরে বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. মুহাম্মদ শহীদুল্লাহ্ হল থেকে যাত্রা শুরু করে। বর্তমানে দেশের ৫৪টি জেলায় ৮২টি শিক্ষাপ্রতিষ্ঠান রক্তদাতাদের বাঁধন সেচ্ছাসেবী সংগঠন তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

২০২৪ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটে ৪২৭ ব্যাগ রক্তের চাহিদায় তারা ৪০০ ব্যাগ রক্ত বিভিন্ন সময়ে বিভিন্ন রোগীদের ম্যানেজ করে দিয়েছে এবং ফ্রী রক্তের গ্রুপ নির্ণয় করেছেন ১২০০ জনের।

২৭ বছর পূর্তির আয়োজনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধাক্ষ্য প্রফেসর ফারজানা কেতকী, শিক্ষক পরিষদের সম্পাদক নজরুল ইসলাম, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট এর শিক্ষক উপদেষ্টা সফিকুল ইসলাম, মতিউর রহমান, আবু বকর ছিদ্দিক, দেলোয়ার হোসেন, হাফিজুর রহমান, মাসুম হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন ছাত্র উপদেষ্টা সাজেদুর রহমান, ইব্রাহিম হোসেন, তৌফিক শুভ, সজিবুল ইসলাম, সুজাউদ্দীন টুটুল, হাফিজুর রহমান, অনামিকা জোয়ার্দ্দার, বাঁধন পদ্মা জোনাল পরিষদের সভাপতি আজিজুর রহমান, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের সাধারণ সম্পাদক ও অনুষ্ঠানের সঞ্চালক মিকাইল হোসেন, সাকিব বিশ্বাস, সামিউল, হাসিবুল, রাসেল,মর্তুজা,রিমা,মুসলিমা, রাজীব,আশিক,মনিরুল, অপূর্ব সহ চুয়াডাঙ্গা সরকারি কলেজের রোভার স্কাউটস ও বিএনসিসি সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় উপজেলার নবাগত ইউএনও এবং ওসিকে ফুলের শুভেচ্ছা

দামুড়হুদায় মানব সেবা সেচ্ছায় রক্তদান সংগঠনের পক্ষথেকে দামুড়হুদা উপলেজার নাবাগত উপজেলা নিবাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল ও দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ ওসি হুমায়ুন কবির কে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

আজ বৃহস্পতিবার দুপুরে উপজেলার দুই নবাগত কর্মকর্তার কার্যালয়ে এ শুভেচ্ছা প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মানব সেবা সেচ্ছায় রক্ত দান সংগঠনে সভাপতি এনামুল হক, সেক্রেটারি জাহিদুল ইসলাম, অর্থ সম্পাদক আকাশ মিয়া, দামুড়হুদা সদর ইউনিয় শাখার সভাপতি তালহা জুবায়ের, অর্থ সম্পাদক আকরাম মিয়া, সাংগনিক সম্পাদক আহসাফ মিয়া, প্রাচার সম্পাদক সাকিব মিয়া, হাউলী ইউনিয় শাখার সভাপতি জহিরুল ইসলাম, সেক্রেটারি আল আমিন, অর্থ সম্পাদক রিওন, কারপাসডাঙ্গা ইউনিয়ন সভাপতি রাহিমুল্লাহ, জুড়ানপুর ইউনিয় শাখার সহ সভাপতি বাবুল মিয়া, সহ সেক্রেটারি আবির, নাটুদাহ ইউনিয়ন শাখার সহ সভাপতি হুসাইন মিয়া, সেক্রেটারি আহাদ আলী, কার্পাসডাঙ্গা ইউনিয় শাখার সভাপতি রাহিমুল্লাহ, দপ্তর সম্পাদক আল আমিন রজব প্রাচার সম্পাদক আবু জিহাদ সিফাত, ক্রিয়া সম্পাদক রাব্বি, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ শাখার সভাপতি আকাশ মিয়া, অর্থ সম্পাদক হাফিজুর রহমান, প্রাচার সম্পাদক রিফাত মিয়া সহ রক্তদান সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি ও যুব রেডক্রিসেন্ট সৌসাইটির দামুড়হুদা উপজেলার যুব প্রধান মোঃ আব্দুর রহিম প্রমূখ।

মেহেরপুরে ওয়েভ ফাউন্ডেশন আরএমটিপি প্রকল্পের মেশিন ও চেক বিতরণ

মেহেরপুরে ওয়েভ ফাউন্ডেশন আরএমটিপি প্রকল্পের মেশিন ও চেক বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর ২ টার সময় ফুলবাগান পাড়ায় মেহেরপুর সদর উপজেলা ওয়েভ ফাউন্ডেশনের ইউনিট অফিসে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডেনমার্ক দূতাবাস (ড্যানিডা) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফর্মেশন প্রজেক্ট আরএমটিপি’র আওতায় নিরাপদ মাংস ও দুগ্ধ জাত পণ্যের বাজার উন্নয়ন উপ-প্রকল্পের মাধ্যমে ডেইরি খামারিদের মাঝে ঘাস ও খড় কাটার মেশিন, দানাদার খাদ্য ভাঙানো মেশিন এবং অনুদানের চেক বিতরণ অনুষ্ঠিত হয় ।

উক্ত মেশিন বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরএমটিপি’র প্রকল্প ব্যবস্থাপক ডা.আবু সালেহ্ মোঃ শহীদ, ইউনিট ম্যানেজার মোঃ মাজিদুল ইসলাম , ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর কৃষিবিদ সাজেদুল হক , এলএসপি শাহিনুল ইসলাম এবং স্বপন মিয়া সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গগণ উপস্থিত ছিলেন ।

মেশিন বিতরণকালে প্রকল্প ব্যবস্থাপক সামগ্রিকভাবে প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করেন ।

এ সময় ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোঃ আশরাফুল হক খামারিদের উদ্দেশ্যে মেশিন ব্যবহারের সামগ্রিক গুরুত্ব ও সময় অপচয় রোধে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোছাঃ সহিবা খাতুন ।

চুয়াডাঙ্গায় বাটারফ্লাই হিউম্যান রাইটস্ ফাউন্ডেশনের জেলা কমিটি গঠিত

চুয়াডাঙ্গায় সমাজের নির্যাতিত, নিপীড়িত, অসহায়, অধিকারবঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠায় সহায়তাদান সহ নানাবিধ সামাজিক উন্নয়নমুলক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা থেকে পরিচালিত “বাটারফ্লাই হিউম্যান রাইটস্ ফাউন্ডেশন” এর চুয়াডাঙ্গা জেলা কমিটি গঠন করা হয়েছে।

গত বৃহঃস্পতিবার বিকাল ৪ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার আকন্দবাড়িয়া বটতলা বাজারে সংগঠনের অস্থায়ী কার্যালয়ে এক আলোচনা সভা শেষে এ জেলা কমিটি গঠন করা হয়।

এতে ফিজিওথেরাপী চিকিৎসক মোঃ শফিকুল ইসলাম জান্টুকে সভাপতি, মুন্সী শহীদুল্লাহ শহীদকে সহ-সভাপতি, মোঃ মতিয়ার রহমান মন্টুকে সাধারণ সম্পাদক, মোঃ রেজাউল হককে সহ-সাধারণ সস্পাদক, মোঃ শরিফুজ্জামানকে কোষাধ্যক্ষ, মোঃ নুরুল আলম বাকু কে সাংগাঠনিক সম্পাদক, মোঃ সায়েম হোসেনকে দপ্তর সম্পাদক, এ্যাডঃ আশরাফুল হককে আইন বিষয়ক সম্পাদক, মোঃ ইব্রাহিম আলীকে সমাজকল্যাণ সম্পাদক, আল-মামুন কে প্রচার সম্পাদক ও মাওলানা মোহাম্মদ ওসমান গনীকে কে নির্বাহী সদস্য মনোনীত করে মোট ১১ সদস্য বিশিষ্ট এক বছর মেয়াদি এ কমিটি গঠন করা হয়। ইহা একটি স্বেচ্ছসেবী বেসরকারী, অরাজনৈতিক, অলাভজনক ও দাতব্য প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে সহায়তা করার জন্য অনুরোধ জানানো হয়েছে।